

চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১

(২০১১ সনের ২০ নং আইন)

চলচ্চিত্র সংসদ নিবন্ধন সংক্রান্ত আইন রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন করিবার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু চলচ্চিত্র সংসদ নিবন্ধন সংক্রান্ত আইন রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন করিবার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত

শিরোনাম ও প্রবর্তন

- ১।(১) এই আইন চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-
- (১) “চলচ্চিত্র” অর্থ সেলুলয়েড, অ্যানালগ, ডিজিটাল বা অন্য যে কোন মাধ্যমে নির্মিত চলচ্চিত্র যেমনঃ পূর্ণদৈর্ঘ্য কাহিনী চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, টেলিফিল্ম, কার্টুন চলচ্চিত্র, প্রামাণ্য চলচ্চিত্র, ইত্যাদি অন্তর্ভুক্ত হইবে;
- (২) “চলচ্চিত্র সংসদ” অর্থ কোন সংঘ, সমিতি, ক্লাব, সংস্থা, উহা যে নামেই অভিহিত হউক না কেন, যাহা ইহার সদস্যদের চলচ্চিত্র প্রদর্শনের জন্য প্রতিষ্ঠা করা হইয়াছে এবং উহাদের ফেডারেশন বা এসোসিয়েশনও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৩) “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত;
- (৪) “নিবন্ধন” অর্থ ধারা ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন;
- (৫) “নিবন্ধন সনদ” অর্থ ধারা ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদ;
- (৬) “বোর্ড” অর্থ Censorship of Films Act, 1963 (Act No. XVIII of 1963) এর section 3 এর অধীন গঠিত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড;
- (৭) “সনদপ্রাপ্ত চলচ্চিত্র” অর্থ Censorship of Films Act, 1963 (Act No. XVIII of 1963) এর section 2(c) এ সংজ্ঞায়িত certified film ।

**নিবন্ধন
ব্যতীত
চলচ্চিত্র
সংসদের
কার্যক্রম
পরিচালনায়
বিধি-নিষেধ**

৩। কোন চলচ্চিত্র সংসদ নিবন্ধন ব্যতীত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

**চলচ্চিত্র
সংসদের
নিবন্ধনের
আবেদন**

৪। (১) প্রতিটি চলচ্চিত্র সংসদকে নিবন্ধনের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক নির্ধারিত ফরমে সরাসরি অথবা, ক্ষেত্রমত, জেলা তথ্য অফিসারের মাধ্যমে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(২) আবেদন ফরমের সহিত নিম্নবর্ণিত তথ্য এবং কাগজপত্র জমা দিতে হইবে, যথাঃ-

- (ক) চলচ্চিত্র সংসদের গঠনতন্ত্র;
- (খ) চলচ্চিত্র সংসদের প্রধান কার্যালয়ের ঠিকানা;
- (গ) চলচ্চিত্র সংসদের নির্বাহী পরিষদের তালিকা;
- (ঘ) যে শর্তে চলচ্চিত্র প্রদর্শন করা হইবে; এবং
- (ঙ) চলচ্চিত্র সংসদের আয়ের উৎস।

**নিবন্ধন সনদ
প্রদান**

৫। (১) ধারা ৪ এর অধীন নিবন্ধনের আবেদন প্রাপ্তির পর-

(ক) বোর্ডের নিকট যদি ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদ নিবন্ধনের সকল শর্ত পূরণ করিয়াছে, তাহা হইলে বোর্ড আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত চলচ্চিত্র সংসদকে নিবন্ধন করিবে ও নির্ধারিত ফরমে উহাকে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে এবং রেজিস্টারে উহার অনুলিপি সংরক্ষণ করিবে; অথবা

(খ) বোর্ড যদি এইরূপ অভিমত পোষণ করে যে, কোন চলচ্চিত্র সংসদ নিবন্ধনের প্রয়োজনীয় শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই, তাহা হইলে বোর্ড নিবন্ধন সনদ প্রদান না করিয়া আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদকে অবহিত করিবে।

(২) ধারা ৪ এর অধীন যদি জেলা তথ্য অফিসারের মাধ্যমে নিবন্ধনের আবেদন করা হয় এবং জেলা তথ্য অফিসারের নিকট যদি ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদ নিবন্ধনের সকল শর্ত পূরণ করিয়াছে, তাহা হইলে তিনি আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধনের বিষয়ে বোর্ডের নিকট সুপারিশসহ সকল কাগজপত্র প্রেরণ করিবেন।